# বিসিকের প্রক্রিয়াধীন প্রকল্প সংক্রান্ত তথ্য


বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

৩৯৮, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮

# সূচিপত্র


| বিষয় | | পৃষ্ঠা |
|---|---|---|
| **প্রথম অধ্যায় : ২০২৩-২০২৪ অর্থবছরের আরএডিপি'তে সবুজপাতাভুক্ত ১১ টি প্রকল্প** | | ০৫-০৮ |
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লবণ গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ০৫ |
| ২. | বিসিক আইসিটি ভবন, নলগোলা, ঢাকা | ০৫ |
| ৩. | বিসিক আগ্রাবাদ মাল্টিপারপাস কমপ্লেক্স, চট্টগ্রাম | ০৫ |
| ৪. | বিসিক উত্তরাঞ্চল কৃষি পণ্য প্রক্রিয়াকরণ শিল্প পার্ক, বগুড়া | ০৫ |
| ৫. | বিসিক ফাউন্ড্রি, অটোমোবাইল ও ইঞ্জিনিয়ারিং শিল্প পার্ক, যশোর | ০৬ |
| ৬. | বিসিক মাল্টিসেক্টরাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ধামরাই | ০৬ |
| ৭. | বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা | ০৬ |
| ৮. | বিসিক শিল্পপার্ক, শিবচর, মাদারীপুর | ০৭ |
| ৯. | বেলাবো বিসিক ইন্ডাস্ট্রিয়াল পার্ক, নরসিংদী | ০৭ |
| ১০. | বিসিক মতিঝিল মাল্টিপারপাস কমপ্লেক্স, ঢাকা | ০৮ |
| ১১. | বিসিক খাদ্য এবং কৃষি পণ্য প্রক্রিয়াকরণ শিল্প পার্ক, নাটোর | ০৮ |

# ১ম অধ্যায়

## ২০২৩-২০২৪ অর্থবছরে আরএডিপি'তে সবুজপাতাভুক্ত ১১ টি প্রকল্প

| ক্র. | প্রকল্পের নাম | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| ১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান লবণ গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | ▪ প্রকল্পের পূর্ণাঙ্গ সম্ভাব্যতা সম্পন্ন হয়েছে।<br>▪ সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের আলোকে ডিপিপি প্রণয়ন করে ৩০-০৫-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>▪ শিল্প মন্ত্রণালয়ে ২৫-০৭-২০২৩ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।<br>▪ সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্বিন্যাস করে অর্থায়নের ধরণ পুনর্বিবেচনার অনুরোধসহ গত ১৭-১০-২০২৩ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ শিল্প মন্ত্রণালয় হতে ০৬-১১-২০২৩ তারিখে প্রকল্পের জনবল ও অর্থায়নের প্রস্তাব প্রেরণের অনুরোধ করে পত্র প্রেরণ করা হয়। এ পরিপ্রেক্ষিতে জনবল ও অর্থায়নের প্রস্তাব ১৩-১১-২০২৩ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ জনবল ও অর্থায়নের প্রস্তাব ২৮-১১-২০২৩ তারিখ শিল্প মন্ত্রণালয় হতে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>▪ বঙ্গবন্ধু লবণ ইনস্টিটিউট পরিচালনার জন্য লবণ ইনস্টিটিউট আইনের প্রাথমিক খসড়া প্রণয়নের লক্ষ্যে ১৯-০২-২০২৪ তারিখে বিসিক কর্তৃক একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির সুপারিশের আলোকে আইনের প্রাথমিক খসড়া প্রণয়ন করা হয়েছে। |
| ২. | বিসিক আইসিটি ভবন, নলগোলা, ঢাকা | ▪ কম্পিউটার সামগ্রী, ইলেকট্রনিক্স শিল্প, লাইট ইঞ্জিনিয়ারিং শিল্পভুক্ত সম্ভাবনাময় শিল্প উদ্যোক্তাদের মাঝে ফ্লোর স্পেস বরাদ্দকরণের মাধ্যমে পুরাতন ঢাকার নলগোলায় উদ্ধারকৃত বিসিকের ১.৬২ একর জমির সুষ্ঠু ব্যবহার নিশ্চিতকরণে প্রকল্পটি গ্রহণে প্রাথমিকভাবে একটি ডিপিপি প্রণয়ন করা হয়েছিল।<br>▪ বর্তমানে চাহিদা বিবেচনা করে সেখানে বাণিজ্যিক-কাম আবাসিক ভবন নির্মাণ করা হবে।<br>▪ ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে ১৯-০৩-২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে।<br>▪ ডিপিপি প্রণয়ন করে ১২-০৬-২০২৪ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। |
| ৩. | বিসিক আগ্রাবাদ মাল্টিপারপাস কমপ্লেক্স, চট্টগ্রাম | 'চট্টগ্রামের আগ্রাবাদে বিসিকের নিজস্ব জমিতে বহুতল ভবন নির্মাণ' শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে জনবল নির্ধারণের লক্ষ্যে ২০-১০-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ-মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। উক্ত পত্রের পরিপ্রেক্ষিতে ১২-১২-২০১৯ তারিখে অর্থ মন্ত্রণালয় হতে পত্রের মাধ্যমে জানানো হয় যে, "প্রস্তাবিত প্রকল্প প্রোফর্মা-তে বর্ণিত গাইডলাইন এবং বিসিক আইন-১৯৫৭ এ বর্ণিত বিসিকের আয় ও কার্যাবলি সংক্রান্ত ধারার বিধান অনুযায়ী অসংগতিপূর্ণ হওয়ায় বাস্তবায়ন পর্যায়ে প্রকল্পটির জনবল নির্ধারণের বিষয়টি এ সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় কমিটির সভায় উপস্থাপন না করে নির্দেশক্রমে ফেরত প্রদান করা হলো"। পরবর্তীতে প্রস্তাবিত প্রকল্পটি ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরে এডিপি'র সবুজপাতায় অন্তর্ভুক্তির প্রস্তাব করা হলেও সবুজপাতায় অন্তর্ভুক্ত না হওয়ায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। প্রকল্পটি বিসিকের নিজস্ব অর্থায়নে বাস্তবায়নের প্রস্তাব ২০২২-২৩ অর্থবছরের এডিপি'তে সবুজপাতায় অন্তর্ভুক্ত হয়। নিজস্ব অর্থায়নে প্রকল্প গ্রহণের লক্ষ্যে অর্থ বিভাগের মনিটরিং সেলের ছাড়পত্র গ্রহণের জন্য ডিপিপি ও আনুষঙ্গিক তথ্যাদি ৩১-০৮-২০২২ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে সম্ভাব্যতা সমীক্ষা করে পুনরায় প্রস্তাব প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।<br>ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে ২০-০৩-২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি |

| ক্র. | প্রকল্পের নাম | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| | | সম্পাদিত হয়েছে। |
| ৪. | বিসিক উত্তরাঞ্চল কৃষি পণ্য প্রক্রিয়াকরণ শিল্প পার্ক, বগুড়া | প্রস্তাবিত প্রকল্পটি শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হলে ১৮-০২-২০১৯ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভায় প্রকল্প স্থান পরিবর্তন করে বেজা হতে জমি বরাদ্দের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হয়। এ প্রেক্ষিতে বেজা হতে জমি বরাদ্দের জন্য ২৬-০২-২০১৯ তারিখে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে বেজা বরাবর পত্র প্রেরণ করা হয়। ৩১-০৩-২০১৯ তারিখে বেজা হতে জানানো হয় যে, বর্তমানে জমি অধিগ্রহণ কার্যক্রম প্রক্রিয়াধীন। অধিগ্রহণ সম্পন্ন হলে বিধি মোতাবেক আবেদন করার কথা উল্লেখ করে। পরবর্তীতে ২৪-০৭-২০১৯ তারিখে পুনরায় ২০০ একর জমি বরাদ্দের সম্মতির জন্য বেজা বরাবর পত্র প্রেরণ করা হয়। উক্ত পত্রের প্রেক্ষিতে ২৬-০৮-২০১৯ তারিখে বেজা হতে জানানো হয় যে, ‘বগুড়া অর্থনৈতিক অঞ্চলে জমির পরিমাণ ২৫১.৪৩ একর যার মধ্যে বিসিকের চাহিদা ২০০ একর (৮০%)। এ ক্ষেত্রে বিসিক পৃথক এলাকায় প্রকল্প গ্রহণ করতে পারে’। বেজার পত্রের পরিপ্রেক্ষিতে নতুন করে তিনটি স্থান পরিদর্শন করা হয় এবং বগুড়া জেলার শিবগঞ্জ থানার মোকামতলা ইউনিয়নের ৫০০ একর জমি শিল্প পার্ক স্থাপনে নির্বাচন করা হয়। কিন্তু জমি অধিগ্রহণে জটিলতা থাকায় উক্ত স্থানে প্রকল্প গ্রহণের পরিকল্পনা বাদ দেয়া হয়। পরবর্তীতে ০৯-০৯-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে একটি সভা অনুষ্ঠিত হয় যেখানে প্রস্তাবিত ‘বিসিক শিল্প পার্ক, বগুড়া’ শীর্ষক প্রকল্প স্থানটিতে ‘বিসিক উত্তরাঞ্চল কৃষিপণ্য প্রক্রিয়াকরণ শিল্প পার্ক, বগুড়া’ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়”। উক্ত সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ২৯২.৪৬ একর জমিতে প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে ১৩-১০-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>২৫-১১-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে ২য় যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে পুনর্গঠিত ডিপিপি ২২-০৬-২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ০৫-০৭-২০২২ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়।<br>সভার সিদ্ধান্তানুসারে পিডব্লিউডি রেট সিডিউল-২০২২ অনুযায়ী পূর্ত কাজের ব্যয় প্রাক্কলন ও লে-আউট প্রণয়ন করে ২৯-০৮-২০২৩ তারিখে পুনর্গঠিত ডিপিপি শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>শিল্প মন্ত্রণালয় হতে অর্থায়নের ধরণ অনুমোদনের জন্য ২১-০৯-২০২৩ তারিখ অর্থ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। শিল্প মন্ত্রণালয় হতে পত্র মারফত জানানো হয়েছে, অর্থায়নের ধরণ অনুমোদনের পর পরবর্তী প্রক্রিয়াকরণ করা হবে।<br>ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে ২১-০৩-২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। |
| ৫. | বিসিক ফাউন্ড্রি, অটোমোবাইল ও ইঞ্জিনিয়ারিং শিল্প পার্ক, যশোর | ▪ ডিপিপি প্রণয়ন করে ৩০-০৫-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ শিল্প মন্ত্রণালয় হতে ২০-০৬-২০২৩ তারিখ প্রকল্পের পূর্নাঙ্গ সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনপূর্বক পুনরায় ডিপিপি প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>▪ ফিজিবিলিটি স্টাডি সম্পাদনের লক্ষ্যে ২১-০৩-২০২৪ তারিখ পরামর্শক প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদিত হয়েছে। |
| ৬. | বিসিক মাল্টিসেক্টরাল ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ধামরাই | ▪ প্রস্তাবিত প্রকল্পের ডিপিপি’ র উপর ১৫-০৬-২০২২ তারিখে ২য় পিইসি সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রকল্পের অনুকূলে পরিবেশের ছাড়পত্র সংগ্রহসহ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প গ্রহণের সিদ্ধান্ত প্রদান করা হয়।<br>▪ সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প প্রণয়ন করে ০৬-০৯-২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ শিল্প মন্ত্রণালয় কর্তৃক ‘সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প’ টি ০৬-০৮-২০২৩ তারিখে অনুমোদিত হয়। ১০-০৯-২০২৩ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগপ্রদান করা হয়েছে।<br>▪ ০৫-১১-২০২৩ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান IIFC এর সাথে চুক্তি সম্পাদিত হয়।<br>▪ সম্ভাব্যতা সমীক্ষার কাজ শেষ হয়েছে। চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর ডিপিপি পুনর্গঠন করা হবে। |

| ক্র. | প্রকল্পের নাম | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| ৭. | বিসিক লেদার ইন্ডাস্ট্রিয়াল পার্ক, ঢাকা | ▪ প্রকল্পের উপর ০৭-০৪-২০২১ তারিখে পিইসি সভা অনুষ্ঠিত হয়।<br>▪ পিইসি সভার কার্যবিবরণীর ৬.১ অনুচ্ছেদে বর্ণিত প্রকল্পের আর্থ-সামাজিক, কারিগরি ও অর্থনৈতিক বিশ্লেষণের জন্য একটি কারিগরী সমীক্ষা প্রকল্প গ্রহণের নির্দেশনা দেয়া হয়।<br>▪ শিল্প মন্ত্রণালয় কর্তৃক 'সম্ভাব্যতা সমীক্ষা প্রকল্প'টি ০৬-০৮-২০২৩ তারিখে অনুমোদিত হয়। ১০-০৯-২০২৩ তারিখে প্রকল্প পরিচালক নিয়োগপ্রদান করা হয়েছে।<br>▪ ০৫-১১-২০২৩ তারিখ পরামর্শক প্রতিষ্ঠান IIFC এর সাথে চুক্তি সম্পাদিত হয়।<br>▪ সম্ভাব্যতা সমীক্ষার কাজ শেষ হয়েছে। খসড়া প্রতিবেদন পাওয়া গেছে। চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর ডিপিপি পুনর্গঠন করা হবে। |
| ৮. | বিসিক শিল্পপার্ক, শিবচর, মাদারীপুর | ▪ ডিপিপি প্রণয়ন করে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে ০৩-১১-২০২০ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়।<br>▪ যাচাই কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ১৮-০২-২০২১ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ ২য় যাচাই কমিটির সভা ০৬-১২-২১ তারিখে অনুষ্ঠিত হয় এবং সভার সিদ্ধান্ত অনুযায়ী ডিপিপি পুনর্গঠন করে ২৩-০৫-২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>▪ জনবল অনুমোদনের প্রস্তাব ১৫-০৬-২০২২ তারিখে শিল্প মন্ত্রণালয়ের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়।<br>▪ প্রকল্পের অর্থায়নের ধরণ অনুমোদনের জন্য ১৭-১০-২০২৩ তারিখে সিনিয়র সচিব, শিল্প মন্ত্রণালয় বরাবর পত্র প্রেরণ করা হয়েছে।<br><br>**[উল্লেখ্য, এ প্রকল্পটি বাদ দেয়ার জন্য মাননীয় চিফ উইপ মহোদয় অনুরোধ করেছেন।]** |
| ৯. | বেলাবো বিসিক ইন্ডাস্ট্রিয়াল পার্ক, নরসিংদী | প্রস্তাবিত প্রকল্পের উপর ১২-০৯-২০২২ তারিখ পরিকল্পনা কমিশনে পিইসি সভা অনুষ্ঠিত হয়। পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রকল্পটির সম্ভাব্যতা সমীক্ষা সম্পন্ন করা হয়েছে। সম্ভাব্যতা সমীক্ষা প্রতিবেদনের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ১৬-০৪-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ১০-০৫-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়। যাচাই কমিটির সভার সিদ্ধান্তের আলোকে ডিপিপি পুনর্গঠন করে ২৮-০৫-২০২৩ তারিখে শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়। শিল্প মন্ত্রণালয় হতে ১৩-০৬-২০২৩ তারিখে পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়। পরিকল্পনা কমিশন হতে ০৭-০৮-২০২৩ তারিখ পত্রের মাধ্যমে EIA সম্পাদন করে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র সংগ্রহ অন্যথায় ছাড়পত্র প্রয়োজন নেই মর্মে পরিবেশ অধিদপ্তরের প্রত্যয়ন সংগ্রহ করতে নির্দেশনা প্রদান করা হয়েছে। EIA সম্পাদনের জন্য ToR অনুমোদন করা হয়েছে। পরিকল্পনা কমিশনের নির্দেশনার আলোকে ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের কার্যক্রম চলমান। |
| ১০. | বিসিক মতিঝিল মাল্টিপারপাস কমপ্লেক্স, ঢাকা | ▪ একটি খসড়া ডিপিপি প্রণয়ন করা হয়েছে। কিন্তু সবুজপাতাভুক্ত না হওয়ায় ডিপিপি শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি।<br>▪ জমির সদ্ব্যবহার ও উপযুক্ত কার্যক্রম গ্রহণের লক্ষ্যে একটি কমিটি গঠন করা হয়েছে।<br>▪ কমিটি ১৯-০৯-২০২৩ তারিখ ৩য় সভায় মিলিত হয়। সভায় জমি সংক্রান্ত জটিলতা নিরসনে বিসিক জেলা কার্যালয়, ঢাকা- কে নির্দেশনা প্রদান করা হয়েছে।<br>▪ শিল্প মন্ত্রণালয় কর্তৃক গঠিত কনডেমনেশন কমিটিকে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে।<br>▪ ফ্লোর প্লান নির্ধারণের কার্যক্রম চলমান। |

| ক্র. | প্রকল্পের নাম | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| | | ▪ কমিটির সুপারিশের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।<br>▪ সম্ভাব্যতা সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের জন্য ০৮-১০-২০২৩ তারিখ কমিটি গঠন করা হয়েছে। |
| ১১. | বিসিক খাদ্য এবং কৃষি পণ্য প্রক্রিয়াকরণ শিল্প পার্ক, নাটোর | ▪ জেলা প্রশাসন, নাটোর হতে নাটোর জেলার সিংড়া উপজেলাধীন চৌগাঁও, পমবাড়িয়া ও হিয়ালা মৌজায় ৫০ একর জমির সম্মতি পাওয়া গেছে।<br>▪ ডিপিপি প্রণয়ন করে ০৪-০৩-২০২৪ তারিখ শিল্প মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে।<br>▪ ১৬-০৪-২০২৪ তারিখে যাচাই কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। |